

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। ভক্তি বশ হ'লে পরে, ধরতে পারবির অধরে
অনন্ত যার অন্ত নাহি পায়।
ও সে ভক্তি বলে হরি মিলে, ফলের আশা দূরে যায়।।
- ৪। হ'লে প্রেমের আশ্রিত, এ দেহ হবে নিত্য
নিত্যরূপ দেখবিরে সদায়।
হবে দেহ জমি সফলভূমি থাকাবিরে যুগল সেবায়।।
- ৫। গোলোকচাঁদ মহানন্দ, দিতেছে প্রেমানন্দ,
তারাকচাঁদ যোগাল দিচ্ছে তায়।
অশ্বিনী তোর কিসের সন্দ, গুরুচাঁদ আছে সহায়।।

৮ নং তাল-একতালা

- হৃদয় যন্ত্রে হরিনাম মন্ত্রে পুরিয়া সুতান।
সত্ব-রজ-তমঃ তিন তারে গাওরে গুণ গান।।
- ১। স্থূলেতে মূল তাল ঠি রেখে, প্রবর্তে নাম লওরে সুখে।
সাধরে সাধরে তাকে, এই ত রে তোর ডাকার বিধান।।
- ২। সিদ্ধে গিয়ে মাতাম দিয়ে, যাওরে মন্ত মাতাল হ'য়ে।
প্রেম সাগরে জোয়ার দিয়ে, কর হরি নামামৃত পান।।
- ৩। অজ্ঞান যাবে স্বজ্ঞান যাবে, বাহ্য জ্ঞান সব পড়িয়া রবে।
এই দশা তোর যখন হবে, চিদানন্দে উড়িবে নিশান।।
- ৪। গোলোকচাঁদ সেই গানে মেতে, চাঁদের মালা হৃদয় গোঁথে।
সাজায়ে যশোমন্তের সুতে, সার করল হরি পুতুল নাচান।।
- ৫। মহানন্দ সে গান শিকে, হরিচাঁদের পুতুল দেখে।
দিবা নিশি হৃদয় রেকে ঘরে ঘরে যাচিয়া বেড়ান।।

* শ্রীশ্রী ঠাকুরের বারটি বাণী কি? দ্বাদশ আজ্ঞায় আছে।